ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 97 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৫৩ ● কলকাতা ● ৩০ ভাদ্র, ১৪৩২ ● মঙ্গলবার ● ১৬ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## পর্ব 60

## হিমালয়ের সমর্পণ যোগ



তিনি কখন শয্যায় শোবেন, আর আমি কখন পা টিপে দেব, এর অপেক্ষা করতাম। যেই রাত্রি হত, আমি তাঁর আশেপাশে ঘুরতে থাকতাম আর পুরো চিত্ত তাঁর চরণে হত। সেইজন্য শরীর থেকে দূরে যেতেই পারতাম না। তাঁর চরণ যখন আমার হাতে হোত, আমি জানি না কেন, এক স্থিরতার অনুভব করতাম, শান্তি অনুভব করতাম। এরকল লাগত, জীবনে সবকিছু পেয়ে গেছি, বাস এই অবস্থাতেই জীবন শেষ হয়ে যাক। সারা জীবন সার্থক হয়ে গেছে, এরকম ভাব এসে যেত। ঐ দিন গুরুদেব শয্যায় ছিলেন না মানে সকাল হয়ে গেছিল। আমি গুহার বাইরে এলাম।

ক্রমশঃ

# মোদি ফিরতেই ফের হিংসার আগুন মণিপুরে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সফরের পরেই ফের হিংসার আগুন ছড়াল মণিপুরে। চূড়াচাঁদপুরে স্থানীয় এক কুকি নেতার বাড়ি জ্বালিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। পাশাপাশি, বিভিন্ন জায়গায় ভাঙচুরেরও অভিযোগ উঠেছে। ঘটনায় ইতিমধ্যেই ২ জনকে আটক করেছে পুলিশ। প্রসঙ্গত, দীর্ঘ বিতর্কের পর শনিবার মণিপুরে পা রাখেন মোদি। চূড়াচাঁদপুরের জনসভায় উপস্থিত হয়ে হিংসা ভুলে শান্তির আহ্বান জানান প্রধানমন্ত্রী। তাঁর বার্তা, 'উন্নয়নের জন্য শান্তি জরুরি।' উত্তর-পূর্বের রাজ্যে উন্নয়নের মেশিন চালিয়ে যেতে সংঘাত থামানোর আর্জি জানান তিনি। পাশাপাশি তিনি বলেন, "কেন্দ্রীয় সরকার রাজ্যের বিভিন্ন গোষ্ঠীর সঙ্গে সমঝোতা করানোর জন্য আলোচনা চালিয়ে যাচ্ছে।" ২০২৩ সাল থেকে কুকি ও মেতেই জনগোষ্ঠীর হিংসায় মেতে রয়েছে মণিপুর। তবে

এরপর ৪ পাতায়






# সি পি আই (এম) নবদ্বীপ লোকাল কমিটি-র ডাকে ১৩ দফা দাবীতে "নবদ্বীপ পৌরসভা অভিযান", পৌরসভায় স্মারকলিপি প্রদানে DYFI



**অভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া**

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন নবদ্বীপ লোকাল কমিটি (DYFI) ১৩ দফা দাবি নিয়ে স্মারকলিপি প্রদান করল তৃণমূল কংগ্রেস পরিচালিত নবদ্বীপ পৌরসভার পৌর পতি বিমান কৃষ্ণ সাহার কাছে। রাম সীতাপাড়া পার্টি অফিসের থেকে পদযাত্রা বের করে নবদ্বীপ শহরের প্রধানকেন্দ্র পোড়ামাতলা মোড় থেকে রাধাবাজার হয়ে নবদ্বীপ পৌরসভার সামনে এসে জমায়েত হয়। পৌরসভার সামনে মিছিল নিয়ে আসার পর মিছিল সহকারে পৌরসভার মধ্যে প্রবেশ করার সময় পৌরসভার গেটে পুলিশ প্রশাসনের সঙ্গে ধস্তাধস্তি হয় কর্মীদের। তবে ধস্তাধস্তিতে কোনরকম দুর্ঘটনা ঘটেনি। প্রায় এক ঘণ্টা পৌরসভার গেটের সন্মুখে নবদ্বীপ লোকাল কমিটির সম্পাদক পিতম মজুমদার সভাপতি অভিজিৎ দত্ত এবং বিভিন্ন দাবি এবং পৌরসভার কাজকর্ম নিয়ে বক্তব্য রাখেন। মিছিলে উপস্থিত ছিলেন নবদ্বীপ সিপিআইএমের লোকাল কমিটির সম্পাদক বেঁচু গোপাল সিংহ রায়, অজয় সিংহ, গৌড় কাপুরিয়া, মানস সাহা, সহ প্রমূখ নেতৃবৃন্দরা। দুপুর একটা সময় ডিওয়াইএফআইএর নবদ্বীপ লোকাল কমিটির তিন প্রতিনিধির দল যথা সম্পাদক পীতম মজুমদার সভাপতি অভিজিৎ দত্ত এবং নদীয়া জেলার সদস্যা শ্রীময়ী মুকুটটি স্মারকলিপি পৌরপতিকে প্রদান করেন।

তেরো দফা দাবি গুলির মধ্যে হল- নবদ্বীপ পৌরসভা দফতরে স্থায়ী ৪১৩ টি শুন্য পদে অবিলম্বে স্বচ্ছ ভাবে নিয়োগ করতে হবে। গ্রীন সিটি মিশনে প্রায় ৮ কোটি টাকা কোথায় খরচ হয়েছে তা প্রকাশ করতে হবে। নবদ্বীপের সরকারি সম্পত্তি বেসরকারিকরণ করা চলবে না। নিয়মিত জঞ্জাল সাফাই নর্দমা শাফাইসহ রাস্তাঘাটের বেহাল দশা দূর করতে হবে। শহরের পুকুর ও জলাশয় অবৈধভাবে ভরাট বন্ধ করে প্রোমোটারী রাজ বন্ধ করতে হবে। সার কারখানা ও আবির তৈরির কারখানা বাস্তবায়ন করতে হবে। অবিলম্বে গঙ্গাবক্ষ থেকে অবৈধভাবে বালিতোলা বন্ধ করে গৌরাঙ্গ সেতু রক্ষা করতে হবে। মিউটেশন ফি, মৃতদেহদাহ ও জন্ম-মৃত্যু শংসাপত্র খরচ অবলম্বে কমাতে হবে। সমস্ত টোট শ্রমিক বন্ধুদের বিনামূল্যে লাইসেন্স প্রদান করতে হবে। অতি দ্রুত প্রাচীন মায়াপুর জেটি চালু করতে হবে। শহরাঞ্চলের বেকার যুবকদের স্বার্থে ১০০ দিনের কাজ চালু করতে হবে। নবদ্বীপ শহরের পরিযায়ী শ্রমিক সংখ্যার তালিকা প্রকাশ করতে হবে।

এই সমস্ত দাবি নিয়ে নবদ্বীপবাসীর স্বার্থ রক্ষায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ শীঘ্রই পৌরসভা ব্যবস্থা করবে তারা আশা করে, আগামী ৯০ দিনের মধ্যে যদি কোনরকম পৌরসভা সদুত্তর দিতে না পারে তার জন্য তারা বৃহত্তর নাগরিক আন্দোলনের পথে হাঁটতে বাধ্য থাকবে এবং যার দায় অতি অবশ্যই পৌরসভার ওপর বর্তাবে এ কথা বলেন ডিওয়াইএফআইয়ের সম্পাদক পীতম মজুমদার।

স্মারকলিপি প্রদানের পর পৌর পতি সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান, স্মারক লিপি দেওয়ার সময় তারা যথেষ্ট ভাল ব্যবহার করেছে। তারা তাদের দাবি সমূহ লিপি প্রদান করেছে।গণতন্ত্রের অধিকার সকলেরই আছে। নবদ্বীপ পৌরসভার অধীনে যেটুকু আছে আমরা সমস্তটাই খুব সুন্দর ভাবে পরিচালনা করার চেষ্টা করি। আমরা দীর্ঘ বছর ধরে নবদ্বীপ পৌরসভা সম্মানের সহিত পরিচালনা করছি। গ্রীন সিটি মিশনের যে খরচ প্রকাশ করা হয়েছে তার অডিট প্রকাশ করতে হয় তারা সঠিক জায়গা মতন গিয়ে দেখে নিতে পারেন। শহরের পরিষ্কার পরিচ্ছন্ন যথেষ্টই ভালো রাস্তাঘাট যাতে নোংরা না হয় সেজন্য রাতেও সাফাই গাড়ি বের হয়। মাটি মাফিয়া এবং যারা গঙ্গা থেকে মাটি কাটেন সেইটা সম্পূর্ণ সেটেলমেন্ট দপ্তরে বিষয়ে তারাই দেখবেন। মিউটেশন ফি মৃতদেহ দাহ ও জন্ম মৃত্যু শংসাপত্র জন্য যে টাকা নেয় সেটা সামান্য এবং সম্পূর্ণ ফ্রিতে জন্ম ও মৃত্যু সার্টিফিকেট দেওয়া হয়। যদি কোন ভুল থাকে সংশোধনের করার ক্ষেত্রে সেটা অতিরিক্ত চার্জ নেওয়া হয়। শুন্য পদ নিয়োগ করার ব্যাপারে রাজ্য সরকারের পৌরসভা ডিপার্টমেন্টের কাছে সমস্ত বিষয় জানানো আছে যখন তারা নিয়োগ করবেন সে সময় অবশ্যই নিয়োগ হবে। নবদ্বীপ পৌরসভা সব সময়ের জন্য মানুষের পাশে আছে পরিষেবা দেওয়ার জন্য। আমাদের এমন একজন জনদরদী নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি তিনি সর্বদা মানুষের হয়েই কাজ করেন। নবদ্বীপ পৌরসভা তারই পৌরসভা তাই আমরা কাজ করতে ও পরিষেবা দিতে বদ্ধপরিকর।






# মোদীর হাতেই শুরু 'ফোর্ট উইলিয়ামের সম্মেলন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



তিনি এতক্ষণে বিহারে পৌঁছে গিয়েছেন। কিন্তু তাঁর বার্তা দাগ কেটে গিয়েছে ফোর্ট উইলিয়ামের সামরিক সম্মেলনে। সোমবার কলকাতায় দেশের সামরিক নেতৃত্বের 'যৌথ সেনাপতি সম্মেলন ২০২৫' উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ফোর্ট উইলিয়ামে আয়োজিত তিন দিনব্যাপী এই সম্মেলনের শুরু হল মোদীর হাত ধরেই।তবে এই প্রশংসা মোদীর ভাষণের একটা ছোট্ট অংশ। আত্মমুগ্ধতা নয়, বরং পরিবর্তনেই জোর দিয়েছেন তিনি। তাঁর গোটা ভাষণ জুড়ে জায়গা পেয়েছে সেনাবাহিনীর আধুনিকীকরণ, সংস্কার এবং রণকৌশলে আমূল উন্নয়নের কথা। সেনার আধুনিকীকরণ যাতে কোনও ভাবে শ্লথ না হয়ে পড়ে সেনাকর্তাদের সেই দিকে মন দিতে বলেছেন তিনি। নির্দেশ দিয়েছেন, ভারতীয় সেনার কাছে যে পরিমাণে যুদ্ধবিমান এবং যুদ্ধজাহাজ রয়েছে, তা বৃদ্ধিরও। পাশাপাশি, ড্রোন প্রযুক্তি ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজানোর কথাও উঠে এসেছে তাঁর ভাষণে।যা চলবে আগামী ১৭ তারিখ পর্যন্ত। থাকবেন তিন সশস্ত্রবাহিনী প্রধান-সহ সেনার উচ্চপদস্থ কর্তারাও। এদিনের এই সেনা সম্মেলনে মোদী ছাড়াও উপস্থিত ছিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল-সহ তিন বাহিনী সিডিএস বা সর্বাধিনায়করা। সূত্রের খবর, সেনার আধুনিকীকরণ থেকে সংস্কার, মোদীর মুখে উঠে এসেছে প্রতিটি পর্যায়। লক্ষ্য স্থির হয়েছে "ইন্ডিয়ান আর্মড ফোর্স ভীষণ ভিশন ২০৪৭"-র। ফোর্ট উইলিয়াম সূত্রে খবর, ভাষণে মোদীর মুখে শোনা গিয়েছে সেনার প্রশংসা। অপারেশন সিঁদুরের সময় যেভাবে পাকিস্তানি সন্ত্রাসবাদীদের নাস্তানাবুদ করেছে ভারতীয় সশস্ত্রবাহিনী, তাতে 'খুশি' প্রধানমন্ত্রী। সেনার রণকৌশল প্রসন্ন করেছে তাঁকে।

# উত্তাল হেলেঞ্চা হাইস্কুল

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



দিনের পর দিন ধরে ছাত্রীদের সঙ্গে অশালীন আচরণ করছেন সহকারী প্রধান শিক্ষক। কাউকে কাউকে খারাপ ইঙ্গিতও দেন। সোমবার (১৫ সেপ্টেম্বর) এই অভিযোগেই উত্তাল উত্তর ২৪ পরগনার বাগদার হেলেঞ্চা উচ্চ বিদ্যালয়। প্রতিবাদে সহকারী প্রধান শিক্ষককে মারধর ছাত্র-ছাত্রীদের। ফলে মাথা ফাটে অভিযুক্তের।

শিক্ষকের শাস্তির দাবিতে থানার সামনে বসে অবস্থান বিক্ষোভ করেন। এই বিষয়ে ভুক্তভোগী এক ছাত্রী জানিয়েছেন, প্রায়শই অভিযুক্ত শিক্ষক বাজে বাজে কথা বলেন ছাত্রীদের। সম্প্রতি তাঁর এক সহপাঠীকে বাজে ইঙ্গিত করেছেন। অনেককে রাতে ফোন করেন। এমনকী কাউকে পরোক্ষভাবে 'সেক্স'-এর ইঙ্গিতও দিয়েছেন। তাই তাঁর শাস্তি না হলে তাঁরা পরীক্ষা দিতে বসবেন না। এদিকে সমস্ত অভিযোগ অস্বীকার করে অভিযুক্ত সহকারী প্রধানশিক্ষক দাবি করেছেন, সহকারী প্রধানশিক্ষক হয়ে প্রধান শিক্ষকের চেয়ারে বসার কারণে স্কুলের কয়েক জন সহশিক্ষক তাঁকে অপদস্থ করতে চাইছেন। যাতে তিনি প্রধানশিক্ষক না হন। সেই চেষ্টা করেছেন। তাই সেই সকল শিক্ষকের উস্কানিতে পড়ুয়ারা এই কাজ করছেন। তিনি সকল ছাত্রীদের 'মা' বলে ডাকেন। কখনও তাদের খারাপ কথা বলার চিন্তাও করেননি।যদিও ছাত্র-ছাত্রীদের এই দাবি পুরোটাই অস্বীকার করে অভিযুক্ত শিক্ষক জানিয়েছেন, সবটাই ষড়যন্ত্র। কোনও শিক্ষক চান না যে, তিনি প্রধান শিক্ষকের চেয়ারে বসুক। তাই এমন অভিযোগ সাজানো হয়েছে। এই মূহূর্তে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সোমবার (১৫ সেপ্টেম্বর) সকালে বাৎসরিক পরীক্ষায় না-বসে এই ঘটনার প্রতিবাদে স্কুলে জড়ো হন একাদশ শ্রেণির কয়েকজন ছাত্রী। তাঁরা ভারপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্লোগান তোলেন, তাঁকে ঘেরাও করে শাস্তির দাবি করেন। আর সেই ছাত্রীদের পাশে দাঁড়ান অন্যান্য ছাত্রছাত্রীরাও। স্বাভাবিকভাবেই উত্তেজনা ছড়িয়ে পড়ে স্কুল চত্বরে। খবর পেয়ে বাগদা থানার পুলিশ স্কুলে পৌঁছন। ঘেরাও হয়ে থাকা সহকারী প্রধানশিক্ষককে উদ্ধার করেন। কিন্তু সে সময়ে পরিস্থিতি আরও উত্তাল হয়ে ওঠে, যখন ছাত্রীদের মারধরের চোটে মাথা ফাটে সহকারী প্রধান শিক্ষকের। এর পর পুলিশ অভিযুক্ত প্রধান শিক্ষককে বাগদা থানায় নিয়ে গেলে থানার সামনেও বিক্ষোভ দেখান ক্ষুব্ধ ছাত্রছাত্রীরা।

# শিক্ষকের বাড়িতে টাকার পাহাড়!



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**দক্ষিণ দিনাজপুর :** যে রাজ্যে দিনের পর দিন চাকরি ফেরত চেয়ে পথে নেমেছেন হাজার হাজার স্কুল শিক্ষক...যে রাজ্যে চাকরি হারানোর মানসিক চাপ সহ্য করতে না পেরে শিক্ষকের মৃত্যুর অভিযোগ ওঠে...সেই রাজ্যেই এবার এক স্কুল শিক্ষকের শ্বশুরবাড়িতে মিলল টাকার পাহাড়। বেটিং চক্রে জড়িত থাকার অভিযোগে সেই শিক্ষককে গ্রেফতার করা হয়েছে।শোয়ার ঘরে বক্স খাটের ভিতরে রাখা ছিল ১ কোটি ২০ লক্ষ টাকা। বাকি টাকা গঙ্গারামপুরের কায়স্থপাড়ায় শিক্ষকের বাড়ি থেকে উদ্ধার হয়। বেটিং চক্রে আর কেউ জড়িত কি না, তার খোঁজ চলছে।ধৃত শিক্ষকের বাড়ি ও শ্বশুরবাড়ি থেকে প্রায় ১ কোটি ২০ লক্ষ টাকা উদ্ধার করে পুলিশ।

অনলাইন গেম ও বেটিং চালানোর অভিযোগে কিছুদিন আগে গঙ্গারামপুর থানার পুলিশ পিন্টু ঘোষ নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছিল। এরপর একই অভিযোগে শনিবার গ্যাংটক থেকে বিশাল দাস ও অপূর্ব সরকার বলে দুই জনকে গ্রেফতার করে পুলিশ। ধৃত অপূর্ব সরকার গঙ্গারামপুরের নয়াবাজার হাইস্কুলের বিজ্ঞানের শিক্ষক। তিনি নাকি বেশ কিছুদিন স্কুলেও যাচ্ছিলেন না। অপূর্বকে গ্রেফতার করার পরই তাঁকে ম্যারাথন জিজ্ঞাসাবাদ করা হয়। জিজ্ঞাসাবাদ থেকেই পুলিশ টাকার খবর পায়। তারপর রবিবার গঙ্গারামপুরের SDPO দীপাঞ্জন ভট্টাচার্যর নেতৃত্বে বালুরঘাটের রঘুনাথপুরে শিক্ষকের শ্বশুরবাড়িতে হানা দিয়ে তাড়া তাড়া নোটের বান্ডিল উদ্ধার করে পুলিশ।

## সম্পাদকীয়

### সুশীলা কার্কিরও পদত্যাগ চেয়ে মধ্যরাতে বিক্ষোভ নেপালের জেন-জিদের

নেপালে হয়েছে পালাবদল। জেন-জিদের বিক্ষোভের জেরে গদি ছাড়তে বাধ্য হয়েছিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী কেপি শর্মা ওলি। রবিবার নেপালের অন্তর্বর্তীকালীন প্রধানমন্ত্রী হিসেবে সুশীলা কার্কি আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন। দিয়েছেন শান্তি ফেরানোর বার্তা। তবে সুশীলাকে নিয়েও খুসি নয় জেন-জিরা।এই প্রসঙ্গে উল্লেখ্য, রবিবার সকালে প্রধানমন্ত্রী সুশীলা কার্কি তার মন্ত্রিসভা গঠনে আলোচনা শুরু করেন। নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের মন্ত্রিসভায় থাকবেন প্রধানমন্ত্রীসহ সর্বাধিক ১১ জন সদস্য। নেপালের ইতিহাসে প্রথম মহিলা প্রধানমন্ত্রী কার্কি দায়িত্ব নেওয়ার পরেই জানিয়েছেন তাঁর ক্ষমতার লোভ নেই, আগামী ছয় মাসের মধ্যে তিনি ক্ষমতা হস্তান্তর করবেন। দায়িত্ব নেওয়া প্রসঙ্গে তিনি বলেছেন, 'আমি এই দায়িত্ব চাইনি। রাজপথে নামা বিক্ষোভকারীদের আহ্বানে আমি সাড়া না দিয়ে পারিনি।' নেপালের শান্তি ফেরানো ও জেন-জিদের দাবি প্রসঙ্গে তিনি আরও বলেন, "জেন-জি প্রজন্মের চিন্তাধারার জায়গা থেকে আমাদের কাজ করতে হবে। এই প্রজন্ম দুর্নীতির অবসান, সুশাসন ও অর্থনৈতিক সমতা চায়।"রবিবার দায়িত্ব নেওয়ার পরেই নেপালের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধানমন্ত্রী সুশীলা কার্কির পদত্যাগ চেয়ে বিক্ষোভ দেখিয়েছে জেন-জি তরুণরা। আন্দোলনের প্রথম সারিতে থাকা সুদান গুরুংয়ের নেতৃত্বে রবিবার (১৪ অগাস্ট) সুশীলার পদত্যাগ চেয়ে প্রধানমন্ত্রী কার্যালয়ের সামনে বিক্ষোভ দেখায়।

নেপালি এক সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, সুদান গুরুং বলেছেন তরুণদের সঙ্গে পরামর্শ না করেই মন্ত্রিসভা সম্প্রসারণ করা হয়েছে। সেই সিদ্ধান্তের বিরুদ্ধে বিক্ষোভ দেখানো হয়েছে। এমনকি এই বিক্ষোভ প্রদর্শনের সময় সুশীলা কার্কির বিরুদ্ধে স্লোগানও দেওয়া হয়। বিক্ষোভ দেখানোর সময় গুরুং বলেছেন, 'আমরা যদি আবার রাস্তায় আসি,আমাদের কেউ থামাতে পারবে না। আমরা যেখানে রেখেছি সেখান থেকেই ওদের নীচে নামিয়ে ফেলব।' জানা গিয়েছে রবিবারের বিক্ষোভে যোগ দেন গত সপ্তাহে বিক্ষোভের সময় নিহতদের পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনরা।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(তেইশতম পর্ব)



১৬৮৬ খৃষ্টাব্দে জব চার্ণক ব্যান্ডেল ছেড়ে সুতালুটিতে চলে এসেছেন। ধীরে ধীরে ইংরেজ পর্তুগীজ সহ অন্যান্য দেশীয়রা কলকাতায় বসবাস শুরু করছে।

তখনও সেকালের সুতালুটি, কলকাতা ও গোবিন্দপুরের চারদিক ভীষণ জঙ্গলে ঢাকা। একদিকে শেয়ালদা অন্যদিকে হাওড়া ও দক্ষিণে চৌরঙ্গী, কালীঘাট, ভবানীপুর জায়গা কেবলমাত্র খাত, পাঁকে ভরা বাদাতে পরিপূর্ণ।

এরই ভেতরে ১৬৯৬ খৃষ্টাব্দে ইষ্টইন্ডিয়া কোম্পানী প্রথম ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ শুরু করে দিয়েছে। ১৭০৬ খৃষ্টাব্দে তার নির্মাণ শেষ হল।

ক্রমশঃ


(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(১ম পাতার পর)

## মোদি ফিরতেই ফের হিংসার আগুন মণিপুরে

গত ২ বছরে একবারও মণিপুর যাননি মোদি। যার জেরে বিরোধীদের কোপের মুখে পড়তে হয়েছে তাঁকে। সেই দাগ মুছতে এদিন উপহারের ডালি সাজিয়ে মণিপুরে যান প্রধানমন্ত্রী। কিন্তু তাৎপর্যপূর্ণভাবে তিনি ফিরতেই ফের হিংসার আগুন ছড়াল মণিপুরে।জানা গিয়েছে, রবিবার রাতে চূড়াচাঁদপুরে কুকি নেতা তথা কুকি জো কাউন্সিলের মুখপাত্র জিনজা ভুয়ালজঙের বাড়ি জ্বালিয়ে দেয় একদল দুষ্কৃতী।তারপরই এলাকায় উত্তেজনা ছড়ায়। তবে স্থানীয়দের একাংশের দাবি, শর্ট সার্কিটের কারণে তাঁর বাড়িতে আগুন লাগে। যদিও আগুন বড় আকারে ছড়ানোর আগেই তা নিয়ন্ত্রণ করে নেওয়া হয়। অন্যদিকে, চূড়াচাঁদপুরের অপর একটি জায়গায় মোদির পোস্টার ছেঁড়ার অভিযোগ ওঠে ২ যুবকের বিরুদ্ধে। পাশাপাশি, ভাঙচুরেরও অভিযোগ উঠেছে তাঁদের বিরুদ্ধে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। আটক করা হয় অভিযুক্তদের। সূত্রের খবর, তাঁদের মুক্তির দাবিতে থানায় বিক্ষোভ দেখান একদল। তারপরই পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে।

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

হয়গ্রীব।। অক্ষোভ্যকুলের দেবতা হয়গ্রীব অমিতাভের সন্ততি সপ্তশতিক হয়গ্রীব হইতে বিভিন্ন। এখানে হয়গ্রীব অক্ষোভ্যকুলের অন্যান্য দেবতার ন্যায় ভীষণদর্শন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# তপু বাবার আশ্রমে নবপত্রিকাকে দুর্গা রূপে পূজিত হয়

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পূর্ব মেদিনীপুর জেলার ময়না দক্ষিণ হরকুলি গ্রামে অবস্থিত তপু বাবা ময়না আশ্রমে প্রতিবছর শারদীয় দুর্গোৎসবের সময় যে আয়োজন হয়, তা এক অনন্য শক্তিপূজার নজির। এখানে মা তারাকে দুর্গারূপে আহ্বান জানিয়ে নবপত্রিকা সহযোগে চার দিনব্যাপী পূজা অনুষ্ঠিত হয়, যা স্থানীয় ভক্তকুল ও দূর-দূরান্তের দর্শনার্থীদের কাছে এক আধ্যাত্মিক উৎসব।

মহাষষ্ঠীর দিনে বেলবরণ দিয়ে শুরু হয় মায়ের পুজো

তান্ত্রিক উপায়ে মহাসপ্তমীর দিন ভক্তরা নবপত্রিকা—কলাগাছ সহ নয়টি পবিত্র পাতাকে স্নান করিয়ে আশ্রম প্রাঙ্গণে স্থাপন করেন। মন্ত্রোচ্চারণ ও তান্ত্রিক বিধি মেনে দেবী দুর্গারূপে মা তারার আহ্বান করা হয়।

মহা অষ্টমীর সন্ধিক্ষণে মায়ের



পায়ে দেওয়া হয় সিঁদুর।

এই দিনে তান্ত্রিক পূজার গম্ভীর আবহ সর্বত্র ছড়িয়ে পড়ে। আরতি, ঢাক-ঢোল, শঙ্খধ্বনি ও ধূপের গন্ধে সমগ্র আশ্রম যেন মায়ের মহাশক্তির মন্দিরে রূপান্তরিত হয়।

মহানবমী পূর্ণতা লাভ করে পূজা। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ভক্তরা মায়ের আশীর্বাদ কামনায় অঞ্জলি দেন। দুপুরে শুরু হয় ভোগ বিতরণ—খিচুড়ি, পায়েস, নাড়ু ও নানা প্রকার মিষ্টি হাজারো ভক্তের মধ্যে প্রসাদরূপে পরিবেশন করা হয়। এই ভোগ বিতরণকে ঘিরে আশ্রম প্রাঙ্গণ আনন্দোৎসবের আবহ তৈরি হয়।

মহাদশমী দিন পূজার সমাপনী দিনে অনুষ্ঠিত হয় অপরাজিতা পূজা। ভক্তরা নীল অপরাজিতা ফুল, সিঁদুর ও শঙ্খ দিয়ে মায়ের চরণে প্রণাম করেন। এরপর শুভ বিজয়ার মাধ্যমে ভক্তরা পরস্পরকে আলিঙ্গন করে মায়ের বিজয়ী শক্তির বার্তা ছড়িয়ে দেন। সবাইকে মিষ্টান্ন দিয়ে শুভেচ্ছা জানানো হয়, যা ভ্রাতৃত্ব ও মিলনের প্রতীক। মহাষষ্ঠী থেকে মহাদশমী পর্যন্ত এই মহোৎসব তাই শুধু ধর্মীয় আচার নয়, বরং ভক্তি, ঐতিহ্য ও আধ্যাত্মিকতার এক অনন্য মেলবন্ধন। ময়না তপু আশ্রমের এই শারদোৎসব ভক্তদের হৃদয়ে মা তারার অপরিসীম করুণা ও শক্তির এক চিরন্তন স্মৃতি হয়ে থাকে।

# ইঞ্জিনিয়ার্স দিবসে স্যার এম. বিশ্বেশ্বরায়াকে প্রধানমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য নিবেদন

**নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইঞ্জিনিয়ার্স দিবস উপলক্ষ্যে ভারতরত্ন স্যার এম. বিশ্বেশ্বরায়াকে শ্রদ্ধা জানিয়েছেন। ভারতের আধুনিক ইঞ্জিনিয়ারিং ব্যবস্থাপনা গড়ে তুলতে তাঁর ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ।

সামাজিক মাধ্যম এক্স-এ এক বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন :

"আজ ইঞ্জিনিয়ার্স দিবস। এই উপলক্ষ্যে আমি স্যার এম. বিশ্বেশ্বরায়াকে শ্রদ্ধা জানাই। ভারতের ইঞ্জিনিয়ারিং ব্যবস্থাপনায় তাঁর অবদান চিরস্মরণীয়। এই উপলক্ষ্যে আমি সকল ইঞ্জিনিয়ারকে আন্তরিক অভিনন্দন জানাই। তাঁদের সৃজনশীলতা এবং অধ্যবসায় বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত সমস্যাগুলির উদ্ভাবনমূলক সমাধান খুঁজে বের করে। বিকশিত ভারত গড়ে তুলতে সকলের উদ্যোগের মধ্যে আমাদের ইঞ্জিনিয়ারদের ভূমিকা হবে অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# সংযুক্তি এবং আত্মনির্ভরতার উপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী



**নয়াদিল্লি, ১৫ সেপ্টেম্বর, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় ষোড়শ সম্মিলিত কমান্ডার সম্মেলনের উদ্বোধন করেন। প্রতি দু'বছরে আয়োজিত হওয়া এই সম্মেলনটি সশস্ত্র বাহিনীর সর্বোচ্চ স্তরের চিন্তাভাবনার মঞ্চ। দেশের শীর্ষ

এরপর ৬ পাতায়

# ইউক্রেন-রাশিয়া যুদ্ধ: ট্রাম্প হতাশ, পথ খুঁজে পাচ্ছেন না

স্টাফ রিপোর্টার, রোজদিন



শিক্ষক নিয়োগ দুর্নীতির শীর্ষে আছেন তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধায় - এই নিয়ে কারোর মধ্যে কোনো সন্দেহ নেই। তার বান্ধবীর বাড়ি থেকে উদ্ধার হয়েছে কোটি কোটি টাকা যা গুনতে হিমশিম খেতে হয় সিবিআইকে। সেই পার্থ চট্টোপাধ্যায় এবার সম্ভবত মুক্ত হতে চলেছেন। জামিন চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। সেই ঘটনায় রায় দান স্থগিত রাখলেন বিচারপতি শুভ্রা ঘোষের একক বেঞ্চ।

প্রশ্ন উঠেছে, তদন্তের গতিবিধি নিয়ে। কেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা কিছুতেই শেষ প্রমানে যেতে পারছেন না? না কি যাচ্ছেন না? সিবিআই (CBI)-এর দায়ের করা মামলাতেই জামিন চেয়ে কোর্টের দ্বারস্থ হন পার্থ। বস্তুত, এর আগে নবম-দশম নিয়োগ দুর্নীতি মামলায় জামিন পেয়েছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। সিবিআইয়ের (CBI)-এর দায়ের করা মামলায় জামিন পেয়েছেন তিনি। আলিপুর বিশেষ সিবিআই আদালত পার্থর জামিন মঞ্জুর করেছিল। তারও আগে সিবিআই-এর দায়ের করা গ্রুপ সি (group c) মামলায় সুপ্রিম কোর্ট থেকে জামিন পেয়েছিলেন পার্থ চট্টোপাধ্যায়। তখনও জেলমুক্তি হয়নি তাঁর। তবে দেশের সর্বোচ্চ আদালত ও নিম্ন আদালত জামিন মঞ্জুর করলেও আটকে রইল হাইকোর্টে। অর্থাৎ, এই মামলায় যদি পার্থ জামিন পান তাহলে জেলমুক্তি হওয়ার সম্ভাবনা রয়েছে তাঁর।

## সংযুক্তি এবং আত্মনির্ভরতার উপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী

স্থানীয় অসামরিক ও সামরিক নেতৃত্বকে একত্রিত করে ভারতের সামরিক প্রস্তুতির ভবিষ্যতের উন্নয়নের জন্য মতবিনিময় এবং ভিত্তি স্থাপন করে এই সম্মেলন। সশস্ত্র বাহিনীর বর্তমান ব্যবস্থার আধুনিকীকরণ এবং রূপান্তরের সঙ্গে সঙ্গতিপূর্ণ এই সম্মেলনের মূল বিষয় হ'ল, 'সংস্কারের বছর – ভবিষ্যতের জন্য রূপান্তর'।

প্রধানমন্ত্রী অপারেশন সিঁদুর – এর সাফল্যের জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেন। দেশ গঠন, জলদস্যু বিরোধী অভিযান, সংঘাতপূর্ণ অঞ্চল থেকে ভারতীয় নাগরিকদের নিরাপদে ফিরিয়ে আনা এবং বন্ধুত্বপূর্ণ দেশগুলিকে মানবিক সহায়তা ও দুর্যোগের সময়ে ত্রাণ (এইচএডিআর) সহায়তা প্রদানে সশস্ত্র বাহিনীর বিশেষ ভূমিকার প্রশংসা করেন তিনি। ২০২৫ সাল প্রতিরক্ষা ক্ষেত্রে 'সংস্কারের বছর' হিসেবে বিবেচিত হওয়ার সঙ্গে সামঞ্জস্য রেখে প্রধানমন্ত্রী ভবিষ্যতের চ্যালেঞ্জ ও যে কোনও পরিস্থিতি মোকাবিলায় বৃহত্তর সমন্বয়, আত্মনির্ভরতা ও উদ্ভাবন অর্জনের জন্য দ্রুত পদক্ষেপ নিতে প্রতিরক্ষা মন্ত্রককে নির্দেশ দেন।

অপারেশন সিঁদুর – এর ফলে, তৈরি হওয়া নতুন স্বাভাবিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সেনাবাহিনীর কাজকর্মের প্রস্তুতি, আধুনিক প্রযুক্তি এবং কৌশলগত প্রেক্ষাপটে যুদ্ধের ভবিষ্যৎ সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করা হয়। তিনি গত দু'বছরে বাস্তবায়িত সংস্কার এবং পরবর্তী দু'বছরের পরিকল্পনাগুলিও পর্যালোচনা করেন।

সম্মেলনে আগামী দু'দিন বিভিন্ন বাহিনীর প্রতিক্রিয়া ক্রমবর্ধমান আন্তর্জাতিক অনিশ্চয়তার পরিস্থিতিতে সশস্ত্র বাহিনীর প্রস্তুতির উপর নির্ভর করে বিভিন্ন কাঠামোগত, প্রশাসনিক ও পরিচালনগত বিষয়গুলির সামগ্রিক পর্যালোচনা হবে। এর পাশাপাশি, প্রধানমন্ত্রীর চিন্তাভাবনা বাস্তবায়নের জন্য পথদিশা তৈরির বিষয়েও আলোচনা হবে।

## এবার পার্থর জামিন কি শুধু সময়ের অপেক্ষা!



বেবি চক্রবর্তী: কলকাতা


শিক্ষক নিয়োগ দুর্নীতির শীর্ষে আছেন তৎকালীন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধায় - এই নিয়ে কারোর মধ্যে কোনো সন্দেহ নেই। তার বান্ধবীর বাড়ি থেকে উদ্ধার হয়েছে কোটি কোটি টাকা যা গুনতে হিমশিম খেতে হয় সিবিআইকে। সেই পার্থ চট্টোপাধ্যায় এবার সম্ভবত মুক্ত হতে চলেছেন। জামিন চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। সেই ঘটনায় রায় দান স্থগিত রাখলেন বিচারপতি শুভ্রা ঘোষের একক বেঞ্চ।

প্রশ্ন উঠেছে, তদন্তের গতিবিধি নিয়ে। কেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা কিছুতেই শেষ প্রমানে যেতে পারছেন না? না কি যাচ্ছেন না? সিবিআই (CBI)-এর দায়ের করা মামলাতেই জামিন চেয়ে কোর্টের দ্বারস্থ হন পার্থ। বস্তুত, এর আগে নবম-দশম নিয়োগ দুর্নীতি মামলায় জামিন পেয়েছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। সিবিআইয়ের (CBI)-এর দায়ের করা মামলায় জামিন পেয়েছেন তিনি। আলিপুর বিশেষ সিবিআই আদালত পার্থর জামিন মঞ্জুর করেছিল। তারও আগে সিবিআই-এর দায়ের করা গ্রুপ সি (group c) মামলায় সুপ্রিম কোর্ট থেকে জামিন পেয়েছিলেন পার্থ চট্টোপাধ্যায়। তখনও জেলমুক্তি হয়নি তাঁর। তবে দেশের সর্বোচ্চ আদালত ও নিম্ন আদালত জামিন মঞ্জুর করলেও আটকে রইল হাইকোর্টে। অর্থাৎ, এই মামলায় যদি পার্থ জামিন পান তাহলে জেলমুক্তি হওয়ার সম্ভাবনা রয়েছে তাঁর।

# সিনেমার খবর

## সাবেক স্বামী-শ্বশুরবাড়ি নিয়ে বিস্ফোরক অভিযোগ এষার

স্টাফ রিপোর্টার, রোজদিন



শাহরুখ খানের পরবর্তী ছবি 'কিং' নিয়ে উত্তেজনা জারি অনুরাগীদের মধ্যে। ছবিতে তাকে কোন রূপে দেখা যাবে, তা নিয়ে বহু দিন ধরেই কৌতূহলে রয়েছেন অনুরাগীরা। এর মধ্যেই ফাঁস হয়ে গেল সেই ছবিতে শাহরুখের 'লুক'। মাথা ভর্তি ধূসর চুল। 'স্পাইক' ধাঁচের ছাঁট। সাদা টি-শার্ট। এমনই একটি ছবি 'রেডিট'-এ ছড়িয়ে পড়েছে।

অনুরাগীদের অনুমান, 'কিং' ছবিতে এই বেশেই দেখা যাবে শাহরুখকে। তবে ছবিটি বেশ দূরত্ব বজায় রেখে তুলেছেন ছবিশিকারি। তাই শাহরুখের এই 'লুক' নিয়ে রয়ে গিয়েছে ধোঁয়াশা। তবে যেটুকু দেখা যাচ্ছে, তাতেই মুগ্ধ শাহরুখ-ভক্তেরা।

'কিং' ছবির শুটিং করতে গিয়ে গুরুতর চোট পান শাহরুখ। তার পরেই হাতে হয়েছে বড় রকমের অস্ত্রোপচার। হাতে আর্ম স্লিং নিয়েই পুত্র আরিয়ান খানের আসন্ন সিরিজের বিশেষ অনুষ্ঠানে পৌঁছে গিয়েছিলেন শাহরুখ। সেখানে গিয়ে তিনি বলেছিলেন, "একটু বড় রকমের অস্ত্রোপচারই হয়েছে। সেরে উঠতে এক-দুই মাস সময় লাগবে।"

রসবোধের জন্যও ভক্তদের পছন্দ শাহরুখকে। তাই সেই দিনও রসিকতা করেই বাদশা বলেছিলেন, "এমনিতে আমি অধিকাংশ কাজ তো এক হাতেই করি। এক হাতেই খাই। এক হাতেই দাঁত মাজি। আবার মাথার পেছনে চুলকোলে, এক হাতেই সেটা মিটিয়ে নিই।"

২০২৩-এও অ্যাটলি পরিচালিত 'জওয়ান' ছবিতে একটি প্রবীণ চরিত্রে দেখা গিয়েছিল শাহরুখকে। ছবিতে দ্বৈত চরিত্র ছিল তাঁর। প্রবীণ চরিত্রের বেশেও মুগ্ধ হয়েছিল দর্শক। বক্স অফিসে ঝড় তুলেছিল সেই ছবি। 'কিং' ছবিতে শাহরুখ-কন্যা সুহানা খানকেও দেখা যাবে।

## টাইগার শ্রফের 'বাগি-৪'-এ সেন্সরের কাঁচি

স্টাফ রিপোর্টার, রোজদিন



টাইগার শ্রফের 'বাগি-৪' ছবি থেকে বাদ পড়ল বহু দৃশ্য। সিবিএফসি (সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন) বা সেন্সর বোর্ড থেকে সম্প্রতি অনুমোদন পেয়েছে এই ছবি। তবে তার আগে বেশ কিছু দৃশ্যে কাঁচি চালিয়েছে সিবিএফসি। তার মধ্যে নগ্ন দৃশ্য থেকে শুরু করে হিংসার দৃশ্য রয়েছে একাধিক।

জানা যাচ্ছে, সিবিএফসি-র তরফ থেকে 'এ' (প্রাপ্তবয়স্ক) প্রশংসাপত্র পেয়েছে এই ছবি। তার আগে ২৩টি দৃশ্য বাদ দেওয়া হয়েছে। ছবির অডিওতেও বেশ কিছু বদল আনা হয়েছে সিবিএফসি-র নির্দেশে। ছবিতে বহু দৃশ্যে রক্তারক্তি ও খুনোখুনি অধিক মাত্রায় ছিল বলে জানা যাচ্ছে। এই দৃশ্যগুলিতে আপত্তি জানায় সেন্সর বোর্ড।

এ ছাড়াও একটি দৃশ্যে সামনে থেকে নগ্নতা দেখানো হয়েছে। সেই দৃশ্যে বদল আনা হয়েছে। আর একটি দৃশ্যে এক চরিত্রকে কফিন বাক্সের উপর দাঁড়িয়ে থাকতে দেখা যায়। এই দৃশ্যটি সম্পূর্ণ ভাবে মুছে ফেলার নির্দেশ দেওয়া হয়। আর একটি দৃশ্যে দেখানো হয়েছিল, পুজোর প্রদীপ থেকে একজন সিগারেট জ্বালাচ্ছেন। সেটিও বাদ দিতে বলা হয়েছে।

যিশু খ্রিস্টের মূর্তির উপর ছুরি চালানোর একটি দৃশ্যও বাদ দেওয়া হয়েছে ছবি থেকে। বেশ কিছু সংলাপের উপরেও চলেছে কাঁচি। একটি সংলাপ ছিল, "ভাই তোর কন্ডোমের মধ্যেই থেকে যাওয়া উচিত ছিল।" এখানে 'কন্ডোম' শব্দটি মুছে দেওয়া হয়েছে। এমন ২৩টি বদল আনার পরেই মিলেছে ছাড়পত্র।

'বাগি-৪'-এর কয়েকটি গান ইতিমধ্যেই সাড়া ফেলেছে। তার মধ্যে 'হুসন' গানটিতে হরনাজ় সন্ধুর নাচ নজর কেড়েছে। অনেকে এই গানের সঙ্গে দীপিকা পাড়ুকোনের 'বেশরম রং'-এর তুলনা টেনেছেন। 'বাগি-৪' ছবিতে টাইগার ও হরনাজ় ছাড়াও অভিনয় করেছেন সোনম বাজওয়া, সঞ্জয় দত্ত। ৫ সেপ্টেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাচ্ছে এই ছবি।

## মিমির প্রশংসায় শুভশ্রী



স্টাফ রিপোর্টার, রোজদিন

একটা সময় টালিউড অভিনেত্রী মিমি চক্রবর্তীর সঙ্গে প্রযোজক রাজ চক্রবর্তীর প্রেমের সম্পর্ক ছিল ওপেন সিক্রেট। ২০১৬ সালে আচমকাই ভেঙে যায় সেই বহুল চর্চিত প্রেম কাহিনী। এ নিয়ে টালিপাড়ায় কয়েক বছর আগে কম চর্চা হয়নি। কেন ভেঙেছিল রাজ-মিমির সেই প্রেম? তা আজও অজানা। এর পর রাজ-শুভশ্রীর সম্পর্কের পানি অনেক দূর গড়িয়েছে। মিমির সঙ্গে সম্পর্ক ভাঙার পর ২০১৮ সালে পাকাপাকিভাবে শুভশ্রীর হাত ধরেন রাজ চক্রবর্তী। বউ-ছেলেকে নিয়ে এখন সুখী সংসার রাজের জীবন। তারপর গঙ্গা দিয়ে বয়ে গেছে অনেক পানি। কিন্তু অতীতে রাজকে নিয়ে টানাটানি ভুলে এখন মিমি-শুভশ্রীর গলাগলি চোখে পড়ার মতো।

টালিউডের লেডি সুপারস্টার শুভশ্রী আর 'রক্তবীজ-২' নায়িকা গত বুধবার সকাল সকাল এক ফ্রেমে ধরা দিলেন। সামাজিক মাধ্যমে নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট থেকে একটি মিষ্টি ভিডিও শেয়ার করেছেন শুভশ্রী গাঙ্গুলি। সেখানেই বরের সাবেকের প্রশংসায় পঞ্চমুখ ইউভান-ইয়ালিনির মা। রক্তবীজ-২-এ মিমির বিকিনি লুক দেখে আগেই প্রশংসা করেছিলেন শুভশ্রী গাঙ্গুলি। এবার মিমির সামনেই বললেন বলিউডের দীপিকা (পাড়ুকোন) থাকলে, আমাদের বাংলার আছে মিমি। এরপর পাল্টা শুভশ্রীকে লেডি সুপারস্টার তকমা দেন মিমি। সামাজিক মাধ্যমে পোস্ট করা ভিডিওর ক্যাপশনে শুভশ্রী লিখেছেন কোলাব অব দি ইয়ার।

খবর ছড়িয়েছে, এক বিজ্ঞাপনী প্রচারের জন্য হাত মিলিয়েছেন তারা। ব্র্যান্ড এনডোর্সমেন্টের ক্ষেত্রে টালিউডে এখন মিমি-শুভশ্রীর চাহিদা তুঙ্গে। দীর্ঘ সময় ধরেই ক্যাপ্টেন টিএমটি বারের প্রচারের মুখ দুজনে। তবে এর আগে একফ্রেমে পাওয়া যায়নি তাদের। এক মিউজিক ভিডিওতে কাজ করলেও শুটিং সেরেছেন আলাদা। তবে এবার সব দূরত্ব ঘুচেছে। সংশ্লিষ্ট কোম্পানির জন্য দুর্গাপূজা স্পেশাল শুট সারছেন দুই নায়িকা।

# ভারতের কাছে পাকিস্তানের উত্তাপহীন হার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ভারত-পাকিস্তান খেলা মানেই টানটান উত্তেজনা। সেইসব দিন এখন অনেকটা পৌরাণিক গল্পের মতো। পাকিস্তান আজকাল ভারতের বিপক্ষে ব্যাটে-বলে কোনো প্রতিরোধই গড়তে পারছে না। উল্টো করছে অসহায় আত্মসমর্পণ।


এবারের এশিয়া কাপের ম্যাচে ভারতের কাছে অনিবার্য পরাজয় মেনে নিয়েছে পাকিস্তান। পাকিস্তানের দেয়া ১২৮ রানের লক্ষ্য ভারত টপকে গেছে সহজেই। ১৫ ওভার ৫ বলে ভারত ৩ উইকেট হারিয়ে করেছে ১৩১ রান। পাকিস্তানকে তাই ৭ উইকেটের বড় পরাজয় নিয়ে মাঠ ছাড়তে হয়েছে।

টস জিতে শুরুতে ব্যাট করতে নেমে জাসপ্রিত বুমরাহ-কুলদীপ যাদবদের সামনে দাঁড়াতেই পারেননি পাকিস্তানি ব্যাটাররা। ব্যাটিং ব্যর্থতার দিনে শেষ দিকে দারুণ এক ক্যামিও খেলেন শাহিন আফ্রিদি। তার ইনিংসে ভর করে ১২৭ রানের গড়পড়তা পুঁজি গড়ে পাকিস্তান।

১২৮ রানের টার্গেট তাড়া করতে নেমে শুভমান গিল খেই হারান। সাইম আইয়ুবের টানা দুই বলে চার মারার স্টাম্পড হয়ে সাজঘরে ফিরতে হয়। গিলের বিদায়ের পর ঝড় তোলেন আরেক ওপেনার অভিষেক শর্মা। শাহিন আফ্রিদির প্রথম ওভারে একটি করে চার-ছক্কার পর তার দ্বিতীয় ওভারেই একটি করে চার-ছক্কা মেরেছেন এই বাঁহাতি ওপেনার। লং অফে ফাহিম আশরাফের হাতে ধরা পড়ার আগে তিনি করেন ১৩ বলে ৩১ রান।

ছোট লক্ষ্য তাড়ায় প্রথম ১০ ওভারেই ৮৮ রান তুলে ফেলে ভারত। অধিনায়ক সূর্যকুমার যাদব ও তিলক বার্মা ১৫ দশমিক ৫ ওভারেই ম্যাচ জিতে নেন। ৩৭ বলে ৪৭ রানে অপরাজিত থাকেন সূর্য। পাকিস্তানের হয়ে বল হাতে সাইম আইয়ুব একাই তিন উইকেট নিয়েছেন।

## ঘরের মাঠে এটি আমারও শেষ ম্যাচ: ওতামেন্ডি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লিওনেল মেসির চেয়ে বয়সে খুব বেশি ছোট নন নিকোলাস ওতামেন্ডি। তাদের বয়সের ব্যবধান মাত্র ৮ মাসের। ইউরোপে খেললেও আর্জেন্টাইন এই সেন্টাল ডিফেন্ডারের আন্তর্জাতিক ক্যারিয়ার মেসির পথরেখা ধরেই এগোচ্ছে।

মেসি ঘরের মাঠ বুয়েন্স এইরেসে আর্জেন্টাইন ভক্তদের সামনে ঘোষণা দিয়ে শেষ ম্যাচ খেলেছেন। ২০২৬ বিশ্বকাপের আগে ঘরের মাঠে আর কোন ম্যাচ নেই মেসিদের। বিশ্বকাপের পরে আকাশি-সাদা জার্সি তুলে রাখতে যাচ্ছেন তিনি।

ঘরের মাঠে ওতামেন্ডিও শেষ ম্যাচ খেলেছেন। তবে ম্যাচের আগে নয় ঘোষণাটা ৩-০ গোলে জয়ের পরে দিয়েছেন বেনফিকা ডিফেন্ডার। হয়তো মেসির বিদায়ী ম্যাচের আলো নিজের দিকে টানতে চাননি তিনি। যে কারণে নিজ ভক্তদের সামনে, নিজ দেশের ঘাসে-আলো-বাতাসে শেষবার খেলছেন জেনেও চুপ ছিলেন।

ম্যাচ শেষে আর্জেন্টিনার জার্সিতে ১২৬ ম্যাচ খেলা ৩৭ বছর বয়সী ওতমেন্ডি বলেন, 'আমারও এভাবেই (জয় দিয়ে) শেষ করা দরকার ছিল। এটা আমারও দেশের মাটিতে শেষ ম্যাচ। যারা ম্যাচটি উপভোগ করতে এসেছেন তাদের ধন্যবাদ।'

আর্জেন্টিনার জার্সিতে ২০০৯ সালে অভিষেক হয় ওতামেন্ডির। এরপর থেকে আকাশি-সাদায় নিয়মিত মুখ ছিলেন তিনি। যদিও অভিষেকের পর চার বিশ্বকাপের একটি মিস করেছেন। পাঁচটি কোপা আমেরিকা খেলেছেন। আন্তর্জাতিক ক্যারিয়ারে কাতার বিশ্বকাপসহ দুটি কোপা আমেরিকা ও একটি ফিনালিজিমা জিতেছেন সাবেক পোর্তো, ভ্যালেন্সিয়া ও ম্যানচেস্টার সিটি ডিফেন্ডার।

## অবসরের গুজব উড়িয়ে দিলেন শামি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ভারতের অভিজ্ঞ পেসার মোহাম্মদ শামি ক্রিকেট থেকে অবসর নেওয়ার গুজবকে কঠোরভাবে অস্বীকার করেছেন। তিনি বলেন, এখন তার খেলাধুলা ছাড়ার কোনো সময় নয় এবং তার একমাত্র লক্ষ্য আন্তর্জাতিক ক্রিকেটে ক্যারিয়ার দীর্ঘায়িত করা।

এক সাক্ষাৎকারে শামি বলেন, "যদি কারো সমস্যা থাকে, বলুন। আমি যখন অবসর নেব, তখন তার জীবন কি ভালো হবে? আমি কেবল তখনই অবসর নেব, যখন খেলায় বিরক্ত বোধ করব। এখন সেই সময় নয়। চাইলে আমি ভোর ৫টায়ও উঠব।"

তিনি আরো বলেন, "বলুন তো, আমি কার জীবনে এত বোঝা হয়ে গিয়েছি যে আমাকে অবসর নিতে হবে? যে দিন আমি বিরক্ত হব, সেই দিন আমি ছেড়ে দেব।"

সম্প্রতি শামিকে ইংল্যান্ডে অ্যান্ডারসন-টেন্ডুলকার ট্রফির দলে রাখা হয়নি, এবং আসন্ন এশিয়া কাপ ২০২৫-এও তিনি ভারতের স্কোয়াডে অন্তর্ভুক্ত নন। ফলে ছোট ফরম্যাটের ক্রিকেটে তার ভূমিকা ক্রমশ কমছে।

শামি বলেন, "আপনি আমাকে জাতীয় দলে না খেলালেও আমি ঘরোয়া ক্রিকেটে খেলব। আমি কঠোর পরিশ্রম চালিয়ে যাব।"

৩৪ বছর বয়সী পেসারের চোখ এখন একটি বড় লক্ষ্যেই। তিনি বলেন, "আমার একমাত্র স্বপ্ন হলো ২০২৭ সালের ওডিআই বিশ্বকাপ জেতা। আমি সেই দলে থাকতে চাই এবং খেলেই বিশ্বকাপ জিততে চাই। ২০২৩ সালে আমরা খুব কাছাকাছি ছিলাম, কিন্তু ভাগ্য আমাদের পাশে ছিল না।"

উল্লেখ্য, শামিকে দিলীপ ট্রফির জন্য ইস্ট জোনের স্কোয়াডে অন্তর্ভুক্ত করা হয়েছে। আজ বেঙ্গালুরুর বিসিসিআই সেন্টার অব এক্সেলেন্সে নর্থ জোনের বিপক্ষে মাঠে নামবেন তিনি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR